

দি স্টিমুলাস মানি: কেয়ারস আইনের অধীনে ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট (রিকভারি রিবেটস)

দাবি অস্বীকার: এই পরামর্শমূলক বিবৃতিটির প্রচারকারী The Legal Aid Society. এই পরামর্শমূলক বিবৃতিটি একটি আইনি পরামর্শ নয়, এবং একজন অভিবাসন বিষয়ক বিশেষজ্ঞের পরামর্শের বিকল্প নয়। এতদমধ্যে অন্তর্ভুক্ত তথ্যগুলি, নথিটির নীচে প্রদত্ত সংস্করণ তারিখে সাম্প্রতিকতম, এবং পরিবর্তনের বিষয়বস্তু হতে পারে।

কেয়ারস অ্যাক্ট কী

কেয়ারস অ্যাক্ট হল, কোভিড-19 অতিমারীর বিষয়ে প্রতিক্রিয়াস্বরূপ, মার্চ 2020 তে ফেডারেল সরকারের দ্বারা মঞ্জুরকৃত 2 ট্রিলিয়ন ডলার স্টিমুলাস আইন। আইনটির, রিকভারি রিবেট নামেও পরিচিত, ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্টের মাধ্যমে মানুষের জন্য অর্থ অন্তর্ভুক্ত করে বিভিন্ন বহু অংশ রয়েছে।

একটি ইকনমিক ইমপ্যাক্ট (রিকভারি রিবেট নামেও পরিচিত) কী

অন্যান্য বস্তুগুলির মধ্যে, কেয়ারস অ্যাক্ট একটি ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট বা অর্থনৈতিক প্রভাবভিত্তিক অর্থ প্রদান করে, যেটি হল সরকারের তরফ থেকে একটি এককালীন অর্থ প্রদান। এটি সেই সকল ব্যক্তির নিকট প্রদান করা হয় যাঁদের আয় \$99,001-এর কম; বিবাহিত দম্পতি যাঁদের আয় \$198,001-এর কম; এবং কর প্রদানকারী পরিবার প্রধান যাঁদের আয় \$136,001-এর কম। রাশিগুলি গ্রহণ করা হয়েছে সাম্প্রতিকতম বছরগুলির () থেকে, এবং আপনার কর সংক্রান্ত মোট আয়ের ভিত্তিতে।

কে একটি ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট পাওয়ার জন্য উপযুক্ত (এবং নয়)?

ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট পাওয়ার জন্য, আপনার আবশ্যিকভাবে একটি সোশাল সিকিউরিটি নম্বর (SSN) থাকতে হবে, যেটি বর্তমানে কর্ম নিযুক্তি পাওয়ার জন্য বৈধ, এবং আপনাকে অন্য কোন ব্যক্তির করের নির্ভরশীল হিসাবে দাবি না করা হয়ে থাকতে হবে।

যদি আপনার একটি ইনডিভিজুয়াল ট্যাক্সপেয়ার আইডেন্টিফিকেশন নম্বর (ITIN) থাকে, তাহলে আপনি **অনুপযুক্ত**।

নোট: আপনার একটি SSN থাকলেও আপনি অনুপযুক্ত, যদি আপনার সাম্প্রতিকতম (2019 অথবা 20108-এর জন্য) ট্যাক্স ফাইলিং-এ একজন স্বামী অথবা স্ত্রী অন্তর্ভুক্ত থাকেন যাঁর একটি ITIN আছে। এটি, দুর্ভাগ্যবশত কিছু অভিবাসী পরিবারের উপর প্রভাব ফেলবে।

আমাকে কী করতে হবে?

আপনার দ্বারা কিছু করার প্রয়োজনীয়তা ব্যতীতই, ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট স্বয়ংক্রিয়ভাবে আপনার নিকট চলে আসবে, যদি আপনি:

- 2019-এর জন্য একটি ট্যাক্স রিটার্ন জমা দিয়ে থাকেন (ITIN নম্বরযুক্ত একটি স্বামী অথবা স্ত্রী ব্যতীত),
- 2018-এর জন্য একটি ট্যাক্স রিটার্ন জমা দিয়ে থাকেন (ITIN নম্বরযুক্ত একটি স্বামী অথবা স্ত্রী ব্যতীত),
- সোশাল সিকিউরিটি ভাতা প্রাপ্ত করেন (অবসর, অক্ষমতা এবং জীবিত ভাতা অন্তর্ভুক্ত করে),
- স্যাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSI) ভাতা প্রাপ্ত করেন,
- রেলরোড রিটায়ারমেন্ট ভাতা প্রাপ্ত করেন, অথবা
- একজন বয়স্ক ব্যক্তি হন অথবা VA কমপেনসেশন অর পেনশন (C&P) ভাতা প্রাপ্তকারী সুবিধাভোগকারী হন।

নোট: যদি আপনি এখনও পর্যন্ত আপনার 2019-এর ট্যাক্স রিটার্ন জমা না দিয়ে থাকেন, তাহলেও আপনি সেটি এখন করতে পারেন। শেষ তারিখ হল জুলাই 05, 2020, তবে শেষ তারিখের পরেও জমা দেওয়া যেতে পারে। আপনার দ্বারা ট্যাক্স রিটার্ন জমা দেওয়া হলে, আপনি একটি স্বয়ংক্রিয় ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট পাওয়ার জন্য উপযুক্ত হবেন, যদি আপনি উপরে আলোচিত উপযুক্ততার অন্যান্য মাপকাঠিগুলি পূরণ করেন।

যদি আপনি উপরের উল্লেখিত ভাতাগুলির মধ্যে কোনটিই না পান এবং কম আয় অথবা আয় না থাকার কারণে 2019 অথবা 2018-এর জন্য ট্যাক্স ফাইলগুলি জমা না দিয়ে থাকেন, তাহলে আপনাকে একটি ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট পাওয়ার জন্য আবশ্যিকভাবে আবেদন করতে হবে।

একটি ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট পাওয়ার উদ্দেশ্যে **আবেদন** করার জন্য,
<https://www.irs.gov/coronavirus/non-filers-enter-payment-info-here> -তে যান

নোট: কর্ম নিযুক্তির থেকে অল্প পরিমাণ অর্থ আয়কারী কিছু ব্যক্তির উচিত, IRS-এর থেকে অ-জমাকারীর ফর্ম ব্যবহার করার পরিবর্তে একটি নিয়মিত ট্যাক্স রিটার্ন জমা দেওয়া, কারণ একটি রিটার্ন জমা দেওয়া তাঁদের ট্যাক্স ক্রেডিট পেতে সক্ষম করতে পারে যেগুলি ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট-এর থেকে অধিক।

যদি আমার 17 বছরের কম বয়সী সন্তান থাকে তাহলে কী হবে?

ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্টের সঙ্গে প্রত্যেক 17 বছরের কম বয়সী নির্ভরশীলের জন্য \$500 যোগ হয়। যদি আপনি, আপনার সন্তানদের নির্ভরশীল হিসাবে 2019 অথবা 2018-এর জন্য ট্যাক্স ফাইল জমা করে থাকেন, এবং অন্যথায় উপযুক্ত হন, তাহলে আপনাকে সন্তান প্রতি অতিরিক্ত \$500 পাওয়ার জন্য কোন কিছু করতে হবে না।

যদি আপনি 2019 অথবা 2018 তে ট্যাক্স রিটার্ন জমা না দিয়ে থাকেন এবং আপনার পরিবারের সন্তানগুলি 17 বছরের কম বয়সী হয়, তাহলে হয় আপনাকে সন্তান প্রতি অতিরিক্ত \$500 পাওয়ার জন্য একটি ট্যাক্স রিটার্ন জমা দিতে হবে অথবা একটি ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট পাওয়ার জন্য আবেদন করতে হবে। এছাড়াও, সন্তানগুলিকে অন্য কারোর ট্যাক্সের ক্ষেত্রে নির্ভরশীল হিসাবে দাবি করা যাবে না, এবং তাদের আবশ্যিকভাবে সোশাল সিকিউরিটি নম্বরগুলি থাকতে হবে।

আমি কত পরিমাণ অর্থ পাবো?

আপনার ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্টের রাশিটি নির্ভর করে আপনার পরিবারের সদস্য সংখ্যা এবং আপনার সাম্প্রতিকতম বছরের (2019 অথবা না হলে 2018) জন্য আপনার ট্যাক্স রিটার্নে কত আয় দেখানো হয়েছে তার উপর। কোন সন্তান না থাকা এবং \$75,000 অথবা তার কম আয়যুক্ত একজন ব্যক্তি পাবেন \$1,200। \$150,000 অথবা তার কম আয়যুক্ত সন্তানবিহীন একটি বিবাহিত দম্পতি পাবেন \$2,400। \$112,500 অথবা তার কম আয়সহ একটি পরিবারের প্রধান হিসাবে ট্যাক্স প্রদানকারী পাবেন \$1,200। তবে, এই আয়ের স্তরগুলির উর্ধ্বে আয়ের প্রত্যেক \$100-এর জন্য রিবেটের রাশিটি \$5 করে হ্রাস পাবে। প্রত্যেক অতিরিক্ত 17 বছরের কম বয়সী নির্ভরশীল সন্তান ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্টের সঙ্গে একটি অতিরিক্ত \$500 যোগ করবে।

আমি কখন ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট পাবো?

আমরা জানি না কখন এই অর্থটি প্রত্যেক ব্যক্তির কাছে যাবে। কিছু ব্যক্তির দ্বারা প্রথম জমাগুলি প্রাপ্ত করা হয়েছিল এপ্রিল 14, 2020 তারিখে। যে সকল ব্যক্তি তাঁদের ট্যাক্স রিটার্নগুলিতে তাঁদের ব্যাঙ্ক সংক্রান্ত তথ্যগুলি অন্তর্ভুক্ত করেছিলেন, তাঁরা তাঁদের অর্থগুলি এখন পাওয়া শুরু করতে পারেন; অন্যথায়, অর্থটি পৌঁছানোর জন্য কয়েক সপ্তাহ অথবা কয়েক মাস সময় লাগতে পারে। কিছু মানুষ অর্থটি সেপ্টেম্বর 2020 এর মত বিলম্বেও পেতে পারেন।

যদি আমি এবং আমার স্বামী অথবা স্ত্রী যুগ্মভাবে ট্যাক্স রিটার্ন জমা দিই, কিন্তু আমাদের মধ্যে মাত্র একজনের সোশাল সিকিউরিটি নম্বর থাকে এবং অন্য জনের একটি ITIN থাকে তাহলে কী হবে?

আপনি, জুলাই 15, 2020 এর আগে আপনার ট্যাক্স রিটার্নগুলি ম্যারেড ফাইলিং সেপারেটলি-তে সংশোধন করতে পারেন, যাতে একটি SSN সহ স্বামী অথবা স্ত্রী ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট পেতে পারেন, যদি না তিনি অধিক-আয়যুক্ত হন। জুলাই 15, 2020-এর পরে আপনার ট্যাক্স রিটার্নগুলির সংশোধন করা অতিশয় কঠিন হতে পারে।

আমাকে কী ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট ফেরত দিতে হবে?

না। ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট হল একটি অগ্রিম ট্যাক্স ক্রেডিট যেটি ভবিষ্যতের কোন কিছুর থেকে উদ্ধৃত হয় না। যতক্ষণ পর্যন্ত আপনি এটি সঠিকভাবে প্রাপ্ত করবেন, ততক্ষণ আপনাকে এটি ফেরত দিতে হবে না। এটি অন্য কোন কিছুর থেকে কেটে নেওয়া হবে না।

ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট কী আমার অভিবাসনের ক্ষেত্রে কোনভাবে ক্ষতিকর হবে অথবা আমাকে কী জন্য পাবলিক চার্জ হিসাবে গণ্য করা হবে?

না। ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট, অভিবাসন সংক্রান্ত বিষয়ে পাবলিক চার্জ হিসাবে গণ্য হয় না। যতক্ষণ পর্যন্ত আপনি এটি সঠিকভাবে প্রাপ্ত করবেন, ততক্ষণ এটি অভিবাসন সংক্রান্ত বিষয়ে কোন প্রকার নেতিবাচক ফলাফলের কারণ হবে না।

ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট কী ক্লাস পাবে অথবা আমাকে কোন সরকারি ভাতার ক্ষেত্রে অনুপযুক্ত প্রতিপন্ন করবে?

না। ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট হল একটি এককালীন কর ফেরত প্রকারের। এটিকে, পাবলিক অ্যাসিস্ট্যান্স, মেডিকএইড, SNAP (ফুড স্ট্যাম্প), SSI, সেকশন 8, এবং NYCHA অন্তর্ভুক্ত করে, সরকারি ভাতাজনিত আয় হিসাবে গণ্য করা হবে না।

SSI-এর জন্য, অর্থটিকে 12 মাসের জন্য \$2,000 (ব্যক্তি বিশেষের জন্য) অথবা \$3,000 (দম্পতিদের জন্য)-এর রিসোর্স লিমিটের বিরুদ্ধে গণনা করা হয় না। পাবলিক অ্যাসিস্ট্যান্সের জন্য, প্রাপ্ত করা মাসের পরে 2 মাসের জন্য, এটিকে \$2,000 (\$3,000 যদি বয়স 60+ হয়)-এর রিসোর্স লিমিটের বিরুদ্ধে গণনা করা হয় না।

ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্টগুলি কী কালেকশনের বিষয়বস্তু?

এটি নির্ভর করে। ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্টগুলিকে ফেডারেল ছাত্র ঋণ এবং অপ্রদত্ত করের জন্য পুনরুদ্ধারের থেকে সুরক্ষিত রাখা হয়, তবে যদি আপনার চাইল্ড সাপোর্ট বকেয়া থাকে, তাহলে অর্থটি ব্যবহৃত হতে পারে। নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেল ঘোষণা করেছেন যে ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্টগুলি ব্যক্তিগত দেনাগুলি প্রদানের ক্ষেত্রে ব্যবহারের থেকে ছাড়প্রাপ্ত।

যদি আমি একটি ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্টের জন্য অনুপযুক্ত হই, কিন্তু দুর্ঘটনাবশত একটি পেয়ে যাই, তাহলে কী হবে?

যদি আপনি সীমার অতিরিক্ত আয়যুক্ত হওয়ার কারণে ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট পাওয়ার ক্ষেত্রে অনুপযুক্ত হয়েও সেটি পেয়ে থাকেন, তাহলে IRS ইঙ্গিত করেছে যে তারা অর্থটি পুনরুদ্ধারের চেষ্টা করবে না। তবে, যদি আপনি আপনার অভিবাসন অবস্থানের কারণে অনুপযুক্ত হয়ে থাকেন কিন্তু কোনোভাবে দুর্ঘটনাবশত একটি ইকনমিক ইমপ্যাক্ট পেমেন্ট পেয়ে থাকেন, তাহলে সেটির অভিবাসন ক্ষেত্রে কোন প্রকার নেতিবাচক ফলাফল সৃষ্টি করবে কী না সেটি এখনও সুস্পষ্ট নয়।